দৈনিক
আমাদের সময়

তারিখ: 07 JUN 2016
পৃষ্ঠা: ৩ কলাম: ৪

# শিক্ষাপ্রতিষ্ঠানে রোজার ছুটি ৭ জুন থেকে ৯ জুলাই

নিজস্ব প্রতিবেদক ● প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের স্কুল-মাদ্রাসায় রোজা ও ঈদের ছুটি ৭ জুন থেকে ৯ জুলাই পর্যন্ত। ২২ জুন থেকে ৯ জুলাই ছুটি থাকবে উচ্চমাধ্যমিক, অনার্স-মাস্টার্স ও ডিগ্রি পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠানে।

ইসলামি বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়সহ কয়েকটি বিশ্ববিদ্যালয়ে রোজার আগেই ছুটি ঘোষণা করা হয়েছে। কোনো-কোনো বিশ্ববিদ্যালয়ে রোজার মধ্যে কিছু ক্লাস-পরীক্ষা চলবে।

শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমেদ জানান, রমজানে ঢাকা শহরে রাস্তাঘাটে ব্যাপক যানজট থাকে। এ বাস্তবতাকে সামনে রেখে এবারও রোজার প্রথমদিন থেকেই সরকারি-বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান ছুটি থাকবে। মন্ত্রণালয় সেই অনুযায়ী শিক্ষাপঞ্জি করেছে।

২০১৬ শিক্ষাপঞ্জি অনুযায়ী ৭ জুন থেকে ৯ জুলাই পর্যন্ত ছুটি থাকবে সরকারি-বেসরকারি মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়সমূহে।